# ২০১৯
# বাংলা
## (প্রোগ্রাম)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
## তৃতীয় সেমেস্টার
## (BNGP/CC-T-III)
## জীবনী, আত্মজীবনী ও ভ্রমণসাহিত্য (সংজ্ঞা ও বৈশিষ্ট্য)

পূর্ণমান : ৬০ সময় : ২$\frac{১}{২}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) বাংলায় লিখিত প্রথম জীবনীসাহিত্যের নাম কী? গ্রন্থটির লেখক কে?

খ) 'Biography is not only history. It can also be good' — উক্তিটির বক্তা কে?

গ) আত্মজীবনীর দুটি বৈশিষ্ট্য লেখো।

ঘ) ভ্রমণ কাহিনী ও ভ্রমণ সাহিত্যের মধ্যে দুটি করে পার্থক্য লেখো।

(পরের পাতায়)

ঙ) 'স্মৃতির পটে জীবনের ছবি কে আঁকিয়া যায় জানি না। কিন্তু যেই আকুক সে ছবিই আঁকে।' উক্তিটি কোন্ প্রবন্ধে পাওয়া যায়? লেখকের নাম লেখো।

চ) 'আমার জীবন' ও 'আমার সাহিত্যজীবন' গ্রন্থদুটির রচয়িতার নাম লেখো।

ছ) রবীন্দ্র সমকালীন দু'জন ভ্রমণ সাহিত্যিকের নাম ও তাদের একটি করে রচনার নাম উল্লেখ করো।

জ) বাংলায় 'কৃষ্ণচরিত্র' নামক জীবনী গ্রন্থের লেখক কে? এটি কত সালে প্রকাশিত হয়?

ঝ) 'পালামৌ' রচনাটি কোন্ পত্রিকায়, কত সালে প্রকাশিত হয়?

ঞ) কোলকুমারীরা বিবাহযোগ্যা হলে কোথায় রাত্রি যাপন করে?

ট) রবীন্দ্রনাথের 'জীবনস্মৃতি' প্রবন্ধটি কতগুলি প্রবন্ধের সমারোহে সৃষ্ট? প্রথম ও শেষ প্রবন্ধের নাম লেখো।

ঠ) 'পালামৌ' ভ্রমণ বৃত্তান্তটিতে কোন্ জাতির কয়টি শাখার উল্লেখ আছে? তাদের নামগুলি লেখো।

ড) 'আমাদের একটি অনেক কালের খাজাঞ্চি ছিল? খাজাঞ্চির নাম কী ছিল? তার সম্পর্কে কী জনশ্রুতি প্রচলিত ছিল?

ঢ) 'পালামৌ' রচনায় সঞ্জীবচন্দ্র কোন্ পাখি পালন করবেন বলে মনস্থির করেছিলেন এবং কেন?

ণ) 'আহা দাদাজি, তোমাকে যদি পাইতাম তবে পাঁচালির দল এমন জমাইতে পারিতাম' — এখানে দাদাজি বলতে কার কথা বলা হয়েছে? উক্তিটির বক্তা কে? এটি কোন্ প্রবন্ধের অংশ?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'ঘর ও বাহির' প্রবন্ধে রবীন্দ্রনাথ ঘর ও বাহিরের যে সৌন্দর্য্যের বর্ণনা করেছেন তা আলোচনা করো।

খ) ভ্রমণ সাহিত্য বলতে কী বোঝ? বৈশিষ্ট্য আলোচনা করো। রবীন্দ্র পরবর্তী দু'জন ভ্রমণ সাহিত্যিকের গ্রন্থসহ নাম উল্লেখ করো।

গ) 'বন্যেরা বনে সুন্দর; শিশুরা মাতৃক্রোড়ে' — কোন্ প্রবন্ধের অংশ, লেখক কে? কোন্ প্রসঙ্গে লেখক মন্তব্যটি করেছেন তা ব্যাখ্যা করো।

ঘ) রবীন্দ্রনাথের 'জীবনস্মৃতি' গ্রন্থে তাঁর বাল্যকালের শিক্ষা সম্পর্কে যে স্মৃতি ফুটে উঠেছে তা সংক্ষেপে বর্ণনা দাও।

ঙ) 'বহুকাল পর পালামৌ সম্বন্ধে দুইটা কথা লিখিতে বসিয়াছি' — 'পালামৌ' রচনা অবলম্বনে 'দুইটা' কথার বিষয় আলোচনা করো।

চ) জীবনী ও আত্মজীবনী সাহিত্যের মিল ও অমিল উদাহরণসহ ব্যাখ্যা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) আত্মজীবনীর মূল কথা হল — জীবন ব্যাখ্যা। রবীন্দ্রনাথের 'জীবনস্মৃতি' কতটা আত্মজীবনী হয়ে উঠেছে? তা প্রবন্ধগুলি অবলম্বনে বুঝিয়ে দাও।

খ) ভ্রমণ সাহিত্য হিসাবে 'পালামৌ' কতটা সার্থক হয়ে উঠেছে তা গ্রন্থটি অবলম্বনে আলোচনা করো।

গ) রবীন্দ্রনাথের 'জীবনস্মৃতি' গ্রন্থে ঘরোয়া পরিবেশের যে টুকরো টুকরো স্মৃতি ধরা পড়েছে তা প্রবন্ধগুলি অনুসারে বুঝিয়ে দাও।

ঘ) 'কোলের নৃত্য সম্বন্ধে যৎকিঞ্চিৎ বলা হইয়াছে, এবার তাহাদের বিবাহের পরিচয় দিতে ইচ্ছা হইতেছে'
— 'পালামৌ' রচনা অবলম্বনে কোলদের বিবাহ বিষয়ক চিত্রটি আলোচনা করো।

---